

এসটিএইচ পরিবার সহকারীর ভূমিকা

- সকল এসটিএইচ পরিবার এবং শিক্ষার্থীকে শনাক্ত করেন এবং তাদের সাক্ষাৎকার গ্রহণ করেন। ইনটেক ও মুভ আউট সাক্ষাৎকার গ্রহণ, প্রশ্নপত্র বণ্টন এবং সংগ্রহকরণ, এবং ইনটেক ও মুভ আউট হিসাব সংরক্ষণ তার কাজের অন্তর্ভুক্ত হলেও তার দায়িত্ব শুধুমাত্র এতেই সীমাবদ্ধ নয়।
- ম্যাককিন-ভেন্টো নির্দেশনা এবং পোস্টার বিলি করার মাধ্যমে সকল এসটিএইচ পরিবার, শিক্ষার্থী এবং একাকী তরুণদের তাদের শিক্ষা সংক্রান্ত অধিকার সম্পর্কে অবহিত করেন।
- স্কুলে ভর্তি হওয়ার এবং বদলির ক্ষেত্রে সকল এসটিএইচ পরিবার এবং একাকী তরুণদের সহায়তা প্রদান করেন। স্কুলের কর্মকর্তা এবং অফিস অব স্কুল এনরোলমেন্ট প্লসমেন্ট অফিসের সাথে যোগাযোগ করা, এবং এসটিএইচ পরিবার এবং একাকী তরুণদের ভর্তির জন্যে প্রয়োজনীয় দলিলাদি সংগ্রহ করার ক্ষেত্রে সহায়তা প্রদান তার এই কর্মকাণ্ডের অংশ হলেও তার দায়িত্ব শুধুমাত্র এতেই সীমাবদ্ধ নয়।
- শিক্ষার্থীদের জন্যে পরিবহনের ব্যবস্থা করার লক্ষ্যে স্কুল এবং অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশন (ওপিটি)-এর মধ্যে সমন্বয় সাধন করেন। আশ্রয়স্থল থেকে শিক্ষার্থীদেরকে উঠিয়ে নেয়া এবং সেখানে নামিয়ে দেয়া তদারক করাও এর অন্তর্ভুক্ত। উপরন্তু, শিক্ষার্থীদেরকে স্কুলে পৌঁছে দিতে অভ্যস্ত পিতামাতাদেরকে প্রদত্ত সকল মেট্রো কার্ডের বিলি-বণ্টন, ব্যবস্থাপনা, এবং গতিবিধি অনুসরণের দায়িত্বও তিনি পালন করেন।
- এসটিএইচ শিক্ষার্থী এবং তরুণদের শিক্ষা সংক্রান্ত চাহিদা মেটানোর লক্ষ্যে স্কুল এবং পিতামাতাদের মধ্যে সমন্বয়কের দায়িত্ব পালন করেন।
- এসটিএইচ বিষয়বস্তু বিশেষজ্ঞের সহায়তায় তিনি এসটিএইচ শিক্ষার্থীদের উপস্থিতি পর্যবেক্ষণ করেন এবং তার উন্নতি সাধনের চেষ্টা করেন; এসটিএইচ পিতামাতাদের জন্যে পরিচালিত কর্মকাণ্ডে তাদেরকে সম্পৃক্ত করতে সহায়তা প্রদান করেন, এবং এসটিএইচ শিশু ও তরুণদের জন্যে পরিচালিত দীর্ঘায়িত দিবস কর্মকাণ্ডে সহায়তা প্রদান করেন।

আইএসসি এসটিএইচ লিয়ার্জেঁ (বিষয়বস্তু বিশেষজ্ঞ)-র ভূমিকা

- সিএফএন এবং নন-সিএফএন-উভয় ধরনের স্কুলের ক্ষেত্রে ডিওই আশ্রয়-ভিত্তিক পরিবার সহকারীদের তত্ত্বাবধান এবং সহায়তা প্রদান করেন।
- গৃহহীনদের অধিকার নিয়ন্ত্রণকারী ম্যাককিন-ভেন্টো আইন যথাযথভাবে উপলব্ধি করানোর এবং সর্বোত্তম রীতিনীতি, সমস্যা-সমাধান এবং কৌশলগত পরিকল্পনা প্রণয়নে সহায়তা দানের লক্ষ্যে আশ্রয় ও স্কুল কর্মীদের জন্যে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করেন।
- শিক্ষার্থী এবং পরিবারের জন্যে মৌলিক চাহিদা (যেমন: স্কুল উপকরণ, পরিবহন, ইত্যাদি) এবং সম্পূর্ণ শিক্ষা সংক্রান্ত পরিষেবা ও কাউন্সেলিং পরিষেবা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে নিজ-নিজ বরোর মধ্যে পারিবারিক আশ্রয় পরিদর্শন করেন।
- অস্থায়ী আবাসে বসবাসরত শিক্ষার্থীদের জন্যে অধিকতর সমন্বিত পরিষেবা প্রদানে সক্ষম রিসোর্স সরবরাহের মাধ্যমে আইএসসি স্কুলগুলোকে সহায়তা প্রদান করেন এবং শিক্ষার্থীদের প্রাপ্য সহায়তা প্রাপ্তি নিশ্চিত করেন।
- অস্থায়ী আবাসে বসবাসকারী শিক্ষার্থীদের জন্যে স্কুল-ছুটি পরবর্তী কর্মসূচি সমন্বয়ে সহায়তা করার এবং অপর ডিস্ট্রিক্ট বা বরোতে বসবাসকালে কোনো নির্দিষ্ট ডিস্ট্রিক্ট বা বরোর অধীন স্কুলে উপস্থিত শিক্ষার্থীদের সমন্বিত পরিষেবা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে অন্যান্য বরো কর্মী এবং অন্যান্য এসটিএইচ বিষয়বস্তু বিশেষজ্ঞের মধ্যে সমন্বয়কের দায়িত্ব পালন করেন।
- যেসব ক্ষেত্রে অস্থায়ী আবাসে বসবাসকারী শিক্ষার্থীদের জন্যে অতিরিক্ত পরিষেবার অনুরোধ জানানো হয়েছে অথবা যেসব ক্ষেত্রে বাধ্যতামূলক দায়দায়িত্বগুলো পালন করা হয়নি সেসব ক্ষেত্রে সনাক্ত করার লক্ষ্যে আইএসসি এবং সিএফএন যুব উন্নয়ন কর্মীদের সাথে একযোগে কাজ করেন।
- স্কুলের এসটিএইচ উপাদান এবং যুব উন্নয়ন সমন্বিত পরিকল্পনা সম্পন্ন করার এবং তার উচ্চমানসম্পন্ন বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রিন্সিপ্যালদের সাথে কাজ করেন।
- স্কুল এবং আশেপাশের কমিউনিটির মকেলদের অ্যাডভোকেট হিসেবে কাজ করেন।

সিএফএন এসটিএইচ লিয়ার্জেঁ 'র ভূমিকা

- অস্থায়ী আবাসে বসবাসরত শিক্ষার্থীদের জন্যে অধিকতর সমন্বিত পরিষেবা প্রদানে সক্ষম রিসোর্স সরবরাহের মাধ্যমে সিএফএন স্কুলগুলোকে সহায়তা প্রদান করেন এবং শিক্ষার্থীদের প্রাপ্য সহায়তা প্রাপ্তি নিশ্চিত করেন।
- কেন্দ্রীয় অফিসসমূহের পাশাপাশি আইএসসি এবং আশ্রয়-ভিত্তিক এসটিএইচ কর্মীদের সাথে একযোগে কাজ করেন।
- স্কুল এবং আশেপাশের কমিউনিটির মকেলদের অ্যাডভোকেট হিসেবে কাজ করেন।
- শিক্ষার্থীদের সহায়তার চাহিদা নির্ণয় করেন এবং সিএফএন স্কুলগুলোকে যথাযথ পরিষেবা এবং সহায়তার সাথে সম্পৃক্ত করেন।
- শিক্ষার্থী এবং পরিবারের জন্যে অতিরিক্ত পরিষেবা প্রদানকারী অংশীদারীত্ব তৈরি এবং বৃষ্টিতে স্কুলগুলোকে সহায়তা প্রদান করেন।
- স্কুলের এসটিএইচ উপাদান এবং যুব উন্নয়ন সমন্বিত পরিকল্পনা সম্পন্ন করার এবং তার উচ্চমানসম্পন্ন বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রিন্সিপ্যালদের সাথে কাজ করেন।
- অস্থায়ী আবাসে বসবাসরত শিক্ষার্থীদের তদারককারী সিএফএন স্কুল-ভিত্তিক কর্মকর্তাদের পেশাগত উন্নয়নের লক্ষ্যে কাজ করেন।